# আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড

গ্রীন সিটি এজ (৫ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।

## আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এমপ্লয়িজ গ্রাচ্যুইটি নীতিমালা, ২০২৪

**পটভূমিঃ** ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পুনর্গঠন কার্যক্রমের অংশ হিসেবে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে সূচিত ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি) এর অধীনে এবং আইসিবি অধ্যাদেশ (সংশোধিত), ২০০০ এ প্রদত্ত ক্ষমতাবলে মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার উদ্দেশ্যে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইএএমসিএল) গঠিত হয়। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর অধীনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ১৪ অক্টোবর ২০০১ তারিখে কোম্পানিটি নিবন্ধিত হয়ে ০১ জুলাই ২০০২ তারিখ থেকে ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর পরিচালনা বোর্ড এবং ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড চাকুরি প্রবিধানমালা, ২০২৪ এর প্রবিধি-৬৪ অনুযায়ী কোম্পানির স্থায়ী কর্মচারীগণ গ্রাচ্যুইটি সুবিধা প্রাপ্য হবেন।

**উদ্দেশ্য:** কোম্পানির গ্রাচ্যুইটি তহবিল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলোঃ

০১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।-**

ক) এ নীতিমালা "আইসিবি এএমসিএল এমপ্লয়িজ গ্রাচ্যুইটি নীতিমালা-২০২৪" নামে অভিহিত হবে;

খ) এ নীতিমালা কোম্পানির স্থায়ী কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

গ) এ নীতিমালা ০১ জুলাই ২০২৪ তারিখ হতে কার্যকর হবে; এবং

ঘ) ট্রাস্টির ঠিকানা: গ্রীন সিটি এজ (৫ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।

০২। **সংজ্ঞা।-**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে, এ নীতিমালায়-

ক) **"কোম্পানি", "আইসিবি এএমসিএল"** এবং **"আইএএমসিএল"** বলতে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড-কে বোঝাবে;

খ) **"তহবিল** বা **ফান্ড**" বলতে এ নীতিমালার অধীন গঠিত "আইসিবি এএমসিএল এমপ্লয়িজ গ্রাচ্যুইটি ফান্ড" কে বোঝাবে;

গ) "**গ্রাচ্যুইটি"** বলতে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড চাকুরি প্রবিধানমালা, ২০২৪ এর প্রবিধি-৬৪ অনুযায়ী কোম্পানির স্থায়ী কর্মচারীগণের প্রাপ্য সুবিধাকে বোঝাবে;

ঘ) **"ট্রাস্টি বোর্ড"** বলতে তহবিল পরিচালনার জন্য এ নীতিমালার অধীন গঠিত বোর্ডকে বোঝাবে;

ঙ) "**কর্মচারী"** বলতে কোম্পানিতে নিযুক্ত স্থায়ী কর্মচারীগণকে বোঝাবে;

চ) **"সদস্য"** বলতে এ তহবিলের আওতাভুক্ত সদস্যগণকে বোঝাবে;

ছ) **"পরিবার"** অর্থঃ

অ) পুরুষ কর্মচারীর ক্ষেত্রে কর্মচারীর স্ত্রী বা স্ত্রীগণ এবং মহিলা কর্মচারীর ক্ষেত্রে স্বামী; এবং

আ) কর্মচারীর সাথে বসবাসরত এবং তাঁর উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল কর্মচারীর পুত্র, কন্যা, মা ও বাবা।

জ) **"বেতন"** অর্থ কর্মচারী কর্তৃক মাসিক আহরিত মূলবেতন;

ঝ) **"অর্থবছর"** বলতে জুলাই মাসের প্রথম দিন হতে পরবর্তী বছরের জুন মাসের ত্রিশতম দিন পর্যন্ত সময়কাল; এবং

ঞ) "**স্বাভাবিক অবসর"** বলতে চাকরির মেয়াদ পূর্তিতে চাকরি হতে অবসর গ্রহণকে বোঝাবে।

০৩। **সদস্য, যোগ্যতা ও প্রাপ্যতা।-**

নিম্নোক্ত যে কোন কর্মচারী গ্রাচ্যুইটি পাবেন, যথা:-

ক) যিনি কোম্পানিতে কমপক্ষে ৩ (তিন) বছর অব্যাহতভাবে চাকরি করেছেন এবং শাস্তিস্বরুপ চাকরি হতে বরখাস্ত, পদচ্যুত বা অপসারিত হননি;

খ) ৩ (তিন) বছর অব্যাহতভাবে চাকরি করার পর যিনি কর্তৃপক্ষের অনুমতিসহ চাকরি হতে পদত্যাগ বা চাকরি ত্যাগ করেছেন;

গ) ৩ (তিন) বছর পূর্ণ হওয়ার পূর্বে নিম্নবর্ণিত কোন কারণে যে কর্মচারীর চাকরি অবসান হয়েছে, যথা:-

অ) তিনি যে পদে নিযুক্ত রয়েছেন সে পদ বিলুপ্ত হয়েছে অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকরি হতে ছাঁটাই হয়েছেন; বা

আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থ্যের কারণে তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হয়েছে; বা

ই) চাকরিতে থাকাকালে তিনি মৃত্যুবরণ করেছেন।

০৪। **অযোগ্যতা।-**

নিম্নলিখিত কর্মচারীগণ গ্র্যাচুইটির জন্য যোগ্য হবেন নাঃ

ক) কোন কর্মচারীর শাস্তির পরিমাপ হিসেবে কোম্পানির চাকরি হতে অপসারণ বা বরখাস্ত করা হলে; এবং

খ) কোন অসদাচরণ, শৃঙ্খলা ভঙ্গ, নৈতিক স্খলন, কর্তব্যের গুরুতর অবহেলা বা অনুরূপ প্রকৃতির অন্য কোন ক্ষেত্রে বিভাগীয় মামলা চলমান থাকলে।

০৫। **নমিনী বা মনোনীত ব্যক্তি।-**

ক) কোন কর্মচারীর মৃত্যুর কারণে গ্রাচ্যুইটি প্রাপ্য হলে যাতে তাঁর মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণ তা পাওয়ার অধিকারী হন, সেজন্য প্রত্যেক কর্মচারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মনোনয়নপত্রে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করবেন;

খ) কোম্পানিতে চাকরিরত থাকাকালীন কোন কর্মচারীর মৃত্যুতে তাঁর মনোনীত নমিনী বা নমিনীর অনুপস্থিতিতে তাঁর আইনি উত্তরাধিকারীগণ গ্রাচ্যুইটি সুবিধার অর্থ প্রাপ্য হবেন;

গ) কোন কর্মচারী কর্তৃক একাধিক ব্যক্তিকে নমিনী মনোনীত করলে, তাঁর মনোনয়নপত্রে, তাঁদেরকে প্রদেয় অংশ এরূপে উল্লেখ করবেন যেন গ্রাচ্যুইটির সম্পূর্ণ (১০০%) অর্থ তাতে অন্তর্ভুক্ত হয় এবং যদি এরূপ উল্লেখ করা না হয় তবে গ্রাচ্যুইটির অর্থ সমান অংশে ভাগ করা হবে;

ঘ) কোন কর্মচারী যে কোন সময় লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়নপত্র বাতিল করতে পারবেন এবং এরূপ করার সময় উক্ত নোটিশের সাথে একটি নতুন মনোনয়নপত্র দাখিল করবেন;

ঙ) কোন কর্মচারীর মনোনয়নপত্র না থাকলে কর্মচারীর মৃত্যুর পর তাঁর গ্রাচুইটির অর্থ উত্তরাধিকার প্রমানপত্রের ভিত্তিতে বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হবে;

চ) যে সকল কর্মচারীর পরিবার আছে তাঁদেরকে পরিশিষ্ট-১ অনুযায়ী নমিনী মনোনয়ন করতে হবে; এবং

ছ) যে সকল কর্মচারীর কোন পরিবার নেই তাঁদেরকে পরিশিষ্ট-২ অনুযায়ী নমিনী মনোনয়ন করতে হবে।

০৬। **তহবিলের উৎস।-**

ক) কোম্পানির নিজস্ব তহবিল হতে প্রদত্ত অর্থ গ্রাচুইটি ফান্ডের মূল উৎস হবে;

খ) তহবিলের অর্থ বিনিয়োগ হতে প্রাপ্ত নীট মুনাফা/সুদ/লভ্যাংশ ইত্যাদি তহবিলের উৎস হবে;

গ) প্রতি অর্থবছর গ্রাচ্যুইটি তহবিলের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ নির্ধারণ করতে হবে;

ঘ) কোম্পানির গ্রাচ্যুইটি নীতিমালা অনুযায়ী প্রতি অর্থবছরের শেষ দিবসে মোট তহবিলের পরিমাণ নির্ধারণ করতে হবে;

ঙ) অর্থবছরের শেষ কার্যদিবসের ভিত্তিতে কোম্পানীর কর্মচারীগণের গ্রাচ্যুইটি বাবদ মোট Required Amount এর সাথে ঐ তারিখে গ্রাচ্যুইটি ফান্ডের স্থিতির পার্থক্যের সমপরিমাণ অর্থ বা পরিচালনা বোর্ডের বিবেচনা অনুযায়ী (ফান্ডের পর্যাপ্ততা সাপেক্ষে) কোম্পানি প্রতিবছর গ্রাচ্যুইটি ফান্ডে প্রদান করবে; এবং

চ) কোম্পানির কর্মচারীগণ তহবিলে কোন চাঁদা প্রদান করবেন না।

০৭। **প্রদেয় গ্রাচ্যুইটির পরিমাণ।-**

ক) সর্বশেষ গৃহীত মূলবেতন গ্রাচ্যুইটি গণনার মূল ভিত্তি হবে;

খ) কোম্পানিতে যোগদানের তারিখ হতে একজন যোগ্য কর্মচারী গ্রাচ্যুইটি হিসেবে প্রতিবছরের জন্য তাঁর সর্বশেষ আহরিত মূলবেতনের দ্বিগুণ হারে অর্থ গ্রাচ্যুইটি হিসেবে প্রাপ্য হবেন;

গ) কোন কর্মচারীকে তাঁর চাকরির প্রত্যেক পূর্ণ বছর বা এর অংশ বাবদ একশত বিশ কার্যদিবসের উর্ধ্বে কোন সময়ের জন্য ২ (দুই) মাসের মূলবেতনের সমপরিমাণ হারে গ্রাচ্যুইটি প্রদান করা হবে;

ঘ) গ্রাচ্যুইটি হিসাবায়নের ক্ষেত্রে পিআরএল (Post Retirement Leave) সময়কাল চাকরিকাল হিসেবে গণ্য হবে না; এবং

ঙ) কর্মচারীগণকে প্রদত্ত গ্রাচ্যুইটির উপর আয়কর এবং অন্যান্য কর প্রযোজ্য হলে তা কর্মচারীগণ কর্তৃক প্রদেয় হবে।

০৮। **তহবিল বিনিয়োগ।-**

ক) ট্রাস্টি বোর্ডের বিবেচনার ভিত্তিতে তহবিলের অর্থ ঝুঁকিমুক্ত/ কম ঝুঁকিপূর্ণ খাতে বিনিয়োগ করতে হবে অথবা ট্রাস্ট ডিডের বিনিয়োগ সংক্রান্ত বর্ণনা অনুযায়ী অথবা বিনিয়োগ নীতিমালা (যদি থাকে) অনুযায়ী বিনিয়োগ করতে হবে;

খ) ট্রাস্টি বোর্ড, বিনিয়োগের সাথে সংশ্লিষ্ট বাংলাদেশে প্রচলিত বিধি-বিধান পরিপালন করবে;

গ) তহবিলের ব্যবস্থাপনা থেকে উদ্ভূত কোনো ক্ষতির জন্য ট্রাস্টি বোর্ড দায়ী থাকবে না; এবং

ঘ) প্রতি অর্থবছরে গ্রাচ্যুইটি বাবদ প্রয়োজনীয় অর্থের পরিমাণ বিবেচনায় নিয়ে বিনিয়োগ করতে হবে।

০৯। **তহবিলের ব্যাংক হিসাব পরিচালনা।-**

ক) তহবিল পরিচালনার জন্য বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংকে ব্যাংক হিসাব থাকতে হবে;

খ) তহবিলের সকল লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালিত হবে;

গ) তহবিলের পক্ষে চেক এবং অন্যান্য উপকরণ যৌথভাবে ০২ জন ট্রাস্টি দ্বারা স্বাক্ষরিত হবে, যার মধ্যে আবশ্যিকভাবে সভাপতি অথবা সদস্য-সচিব কর্তৃক স্বাক্ষরিত হবে; এবং

ঘ) ট্রাস্টি বোর্ডের অনুমোদনক্রমে নতুন ব্যাংক হিসাব খোলা ও বন্ধ এবং পরিবর্তন করা যাবে।

১০। **ট্রাস্টি বোর্ড।-**

আইসিবি এএমসিএল এমপ্লয়িজ গ্রাচ্যুইটি ফান্ড পরিচালনার জন্য ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট নিম্নোক্ত ট্রাস্টি বোর্ড গঠিত হবেঃ

| ক্রমিক নং | সদস্যগণের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>আইএএমসিএল | সভাপতি |
| ০২. | অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিন)<br>আইএএমসিএল | সদস্য |
| ০৩. | উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা<br>অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট, আইএএমসিএল | সদস্য |
| ০৪. | উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা<br>ফাইন্যান্স ডিভিশন, আইএএমসিএল<br>/ ডিপার্টমেন্ট প্রধান<br>অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট, আইএএমসিএল | সদস্য |
| ০৫. | ডিপার্টমেন্ট প্রধান<br>হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, আইএএমসিএল | সদস্য-সচিব |

১১। **ট্রাস্টি বোর্ডের ক্ষমতা।-**

ক) তহবিলের হেফাজত, ব্যবস্থাপনা, বিনিয়োগ এবং নিয়ন্ত্রণ সকলের পক্ষে ট্রাস্টি বোর্ডের উপর ন্যস্ত থাকবে;

খ) সদস্য-সচিবের অনুপস্থিতিতে ট্রাস্টি বোর্ডের সভাপতি তাঁদের নিজেদের মধ্য থেকে একজনকে সদস্য-সচিব নিয়োগ করবেন, যার তহবিলের হিসাব সম্পর্কিত জ্ঞান থাকবে;

গ) সদস্য-সচিব ট্রাস্টি বোর্ডের পরামর্শ ও সিদ্ধান্ত পরিপালন, তহবিলের হিসাবের দায়িত্ব পালন, নোটিশ, নথি ও চিঠিপত্র পরিচালনাসহ আনুষঙ্গিক কর্তব্য সম্পাদন করবেন;

ঘ) আয়কর আইন-২০২৩, জাতীয় রাজস্ব বোর্ড এর নির্দেশনা এবং পরিচালনা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ট্রাস্টি বোর্ড তহবিলের মৌলিক লক্ষ্য হতে বিচ্যুত না হয়ে প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করতে পারবে; এবং

ঙ) নীতিমালার আলোকে অবসরপ্রাপ্ত/ ইস্তফা প্রদানকৃত কর্মচারীদের গ্রাচুইটি মঞ্জুরী/ অনুমোদনের সুপারিশ করবেন।

১২। **ট্রাস্টি বোর্ডের সভা, কোরাম ও ভোটদান।-**

ক) সভাপতির অনুপস্থিতিতে পদবী দ্বারা জ্যেষ্ঠতম সদস্য উপস্থিত ট্রাস্টিদের সভায় সভাপতিত্ব করবেন;

খ) ট্রাস্টি বোর্ড বছরে ন্যূনতম ০২ (দুই) টি সভায় মিলিত হবে;

গ) সভাপতির পরামর্শক্রমে সদস্য-সচিব ট্রাস্টি বোর্ডের সভা আহ্বান করবেন;

ঘ) ০৩ (তিন) জন ট্রাস্টির উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে;

ঙ) ট্রাস্টি সভায় উদ্ভূত সংখ্যাগরিষ্ঠ ভোট দ্বারা সিদ্ধান্ত গৃহীত হবে এবং সমান সংখ্যক ভোটের ক্ষেত্রে সভাপতি একটি দ্বিতীয় বা কাস্টিং ভোট প্রদান করবেন;

চ) ট্রাস্টি সভায় উপস্থিতির জন্য পরিচালনা বোর্ড কর্তৃক নির্ধারিত হারে ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ সম্মানী পাবেন; এবং

ছ) ট্রাস্টি সভার যাবতীয় ব্যয় কোম্পানি বহন করবে।

১৩। **তহবিলের বার্ষিক হিসাব।-**

প্রতি অর্থবছরের ৩০ জুন সমাপ্ত তারিখের জন্য তহবিলের বার্ষিক হিসাব প্রস্তুতপূর্বক নিম্নোক্তভাবে উপস্থাপন করতে হবেঃ

ক) ব্যালেন্স শীট;

খ) আয় ও ব্যয় হিসাব;

গ) বিনিয়োগ পোর্টফোলিওর বিবৃতি;

ঘ) অন্যান্য (প্রয়োজন অনুযায়ী)।

১৪। **নিরীক্ষা ও অনুমোদন।-**

ক) ট্রাস্টি বোর্ড কর্তৃক নিযুক্ত বহিঃনিরীক্ষক দ্বারা তহবিলের বার্ষিক হিসাব নিরীক্ষা করতে হবে;

খ) নিরীক্ষা ফিসহ অন্যান্য ফি (যদি থাকে) ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত হবে;

গ) নিরীক্ষা ফি তহবিল হতে এবং অন্যান্য ফি কোম্পানি হতে প্রদেয় হবে; এবং

ঘ) নিরীক্ষিত বার্ষিক আর্থিক প্রতিবেদন ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে এবং পরবর্তীতে পরিচালনা বোর্ডকে অবহিত করতে হবে।

১৫। **তহবিল হতে অর্থ প্রদান।-**

ক) এ নীতিমালার অধীনে কোন কর্মচারীর প্রদেয় অর্থ তাঁকে বা তাঁর মৃত্যুতে মনোনীত নমিনী অথবা আইনগত উত্তরাধিকারীগণকে প্রদান করা হবে;

খ) কোম্পানির কোন কর্মচারী চাকরিতে যেদিন হতে অবস্থান করবেন না, সেদিনের পরে গ্রাচ্যুইটির অর্থ প্রাপ্য হবেন; এবং

গ) ট্রাস্টি বোর্ডের সুপারিশ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট কর্মচারীকে গ্রাচ্যুইটি বাবদ প্রাপ্য অর্থ পরিশোধ করা হবে।

১৬। **কর্মচারীদের গ্রাচ্যুইটির হস্তান্তরযোগ্যতা।-**

কোম্পানিতে চাকরিরত অবস্থায় কোন কর্মচারী তহবিল হতে কোন অর্থ উত্তোলন বা স্থানান্তর বা তহবিলে তাঁর বেনিফিট বন্ধক বা চার্জ করা এবং হস্তান্তর করার অধিকারী হবেন না। কোন কর্মচারী কর্তৃক মনোনীত নমিনীও এ ধরণের সুবিধা পাবেন না। এ ধরণের কার্যকলাপ করার জন্য কোন কর্মচারীর যে কোন আবেদন ট্রাস্টি বোর্ড কর্তৃক স্বীকৃত হবে না।

১৭। **অবসায়ন।-**

ক) কোম্পানির ব্যবসায়িক কার্যক্রম বন্ধ হলে গ্রাচ্যুইটি তহবিলের অর্থের উৎস বন্ধ হবে;

খ) তহবিলের অর্থের উৎস বন্ধ হলে ট্রাস্টি বোর্ড, পরিচালনা বোর্ড, জাতীয় রাজস্ব বোর্ড এবং হোল্ডিং প্রতিষ্ঠান আইসিবির সম্মতি পাওয়ার পরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা এ স্কীমটি প্রত্যাহার হবে;

গ) তহবিলের সকল ব্যয় পরিশোধ পরবর্তীতে অবশিষ্ট অর্থ বিদ্যমান কর্মচারীগণের মধ্যে প্রাপ্যতা অনুযায়ী বিতরণের পর তহবিলটি বন্ধ হবে; এবং

ঘ) গ্রাচ্যুইটি ফান্ডের অবসায়ন হলে ট্রাস্টি বোর্ডেরও অবসায়ন হয়েছে বলে বিবেচিত হবে।

১৮। **বিশেষ বিধান।-**

অবসর বা এতদসংক্রান্তে উদ্ভূত যে কোন জটিলতা অত্র নীতিমালার আলোকে সমাধান করা না গেলে হোল্ডিং প্রতিষ্ঠান আইসিবি'র এতদসংক্রান্ত নীতিমালা/ সরকারি নীতিমালা অনুসরণ করতে হবে।

১৯। **বিবিধ।-**

গ্রাচ্যুইটি সংক্রান্ত উদ্ভূত কোন পরিস্থিতিতে (যা এ নীতিমালায় বিবৃত হয়নি) ট্রাস্টি বোর্ডের সুপারিশের ভিত্তিতে পরিচালনা বোর্ড চূড়ান্ত সিদ্ধান্ত দিবেন।

## পরিশিষ্ট-১

(কর্মচারীর পরিবার হতে নমিনী ফর্ম)

তারিখঃ

বরাবর,
**ট্রাস্টি বোর্ড**
আইসিবি এএমসিএল এমপ্লয়িজ গ্রাচ্যুইটি ফান্ড
আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড
গ্রীন সিটি এজ (৫ম তলা)
৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী এতদ্বারা ঘোষণা এবং অনুরোধ করছি যে, আইসিবি এএমসিএল এমপ্লয়িজ গ্রাচ্যুইটি ফান্ড হতে আমাকে প্রদেয় গ্রাচ্যুইটির অর্থ আমার মৃত্যুতে নিম্নে উল্লিখিত আমার পরিবারের মনোনীত সদস্যদের মধ্যে বিতরণ করা হোক। মনোনীত সদস্যদের নামের তালিকা নিম্নরূপঃ

| ক্রমিক নং | নমিনীর নাম ও ঠিকানা | কর্মচারীর সাথে সম্পর্ক | বয়স | অংশ | নমিনীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরঃ ...............................

নামঃ

পদবীঃ

**স্বাক্ষীগণঃ**

০১। স্বাক্ষরঃ ............................
নামঃ
পদবীঃ
ঠিকানাঃ

০২। স্বাক্ষরঃ ............................
নামঃ
পদবীঃ
ঠিকানাঃ

..............................
কর্মচারীর স্বাক্ষর প্রত্যয়ন করা হলো
প্রত্যয়নকারীর নামঃ
পদবীঃ

## পরিশিষ্ট-২

(পরিবার ব্যতীত কর্মচারীর নমিনী ফর্ম)

তারিখঃ

বরাবর,
ট্রাস্টি বোর্ড
আইসিবি এএমসিএল এমপ্লয়িজ গ্রাচ্যুইটি ফান্ড
আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড
গ্রীন সিটি এজ (৫ম তলা)
৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী এতদ্বারা ঘোষণা করছি যে, আমার কোন পরিবার নেই। আইসিবি এএমসিএল এমপ্লয়িজ গ্রাচ্যুইটি ফান্ড হতে আমাকে প্রদেয় গ্রাচ্যুইটির অর্থ আমার মৃত্যুতে নিম্নে উল্লিখিত আমার মনোনীত সদস্যদের মধ্যে বিতরণ করার জন্য বিনীত অনুরোধ করছি। মনোনীত সদস্যদের নামের তালিকা নিম্নরূপঃ

| ক্রমিক নং | নমিনীর নাম ও ঠিকানা | কর্মচারীর সাথে সম্পর্ক | বয়স | অংশ | নমিনীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরঃ ...............................

নামঃ

পদবীঃ

**স্বাক্ষীগণঃ**

০১। স্বাক্ষরঃ ........................
নামঃ
পদবীঃ
ঠিকানাঃ

০২। স্বাক্ষরঃ ........................
নামঃ
পদবীঃ
ঠিকানাঃ

...............................
কর্মচারীর স্বাক্ষর প্রত্যয়ন করা হলো
প্রত্যয়নকারীর নামঃ
পদবীঃ